দৈনিক
ইত্তেফাক

তারিখ 30 DEC 1998
পৃষ্ঠা ৮২ কলাম ১

# হোমিওপ্যাথিক কলেজকে সরকারী করা হইবে

## —স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সালাহউদ্দিন ইউসুফ বাংলাদেশ হোমিওপ্যাথিক কলেজকে সরকারীকরণ, শিক্ষকদের ভাতা প্রদানসহ হোমিও সমাজের দীর্ঘদিনের দাবী-দাওয়া বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ গ্রহণ করিবেন বলিয়া ঘোষণা করিয়াছেন। মন্ত্রী গত শনিবার বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতালে কলেজ ছাত্র সংসদের উদ্যোগে নবীন বরণ ও ইন্টার্নী ডাক্তারদের সমাপনী '৯৬ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা দেন।

(১০ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## স্বাস্থ্যমন্ত্রী

(শেষ পৃঃ পর)

কলেজের অধ্যক্ষ ডাঃ আবদুল হাকিমের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ডাঃ আবদুল মান্নান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ এসএম ইমামুল হক, সালাহউদ্দিন বাদল, ময়নুল হক মঞ্জু ও মহানগর ছাত্রলীগের (দক্ষিণ) সভাপতি নজরুল ইসলাম বাবু। অনুষ্ঠানে বক্তৃতা করেন ডাঃ এম এ কাদের, ডাঃ দিলীপ রায়, শাহাবউদ্দিন আজাদ (ভিপি, ছাত্র সংসদ) প্রমুখ।

সালাহউদ্দিন ইউসুফ বলেন, হোমিওপ্যাথিক চিকিৎসা ব্যবস্থাকে বাদ দিয়া দেশের গ্রামীণ অবহেলিত জনগণের স্বাস্থ্য-সেবা নিশ্চিত করা সম্ভব নয়। সেই জন্য তিনি হোমিওপ্যাথিক চিকিৎসা ব্যবস্থাকে স্বাস্থ্য ব্যবস্থায় অন্তর্ভুক্ত করার আশ্বাস দেন। একই সঙ্গে, তিনি গ্রামের সাধারণ মানুষের পাশে থাকিয়া সেবা করার জন্য হোমিও চিকিৎসকদের প্রতি আহ্বান জানান। শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। —প্রেস বিজ্ঞপ্তি